জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
সেগুন বাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

নং-২৫.৩৮.০০০০.৩০২.৯৯.০৩১.১৯-৯৭২

তারিখ-২৬/১২/২০২৪ খ্রিঃ।

# অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের প্রশাসনিক কেন্দ্র বাংলাদেশ সচিবালয়ে ঘটে যাওয়া অগ্নিকান্ডের প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক. দায়িত্বরত আনসারগণ এর টহল অধিকতর জোরদার করতে হবে। সন্দেহজনক কিছু পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে নিরাপত্তা কর্মকর্তা/ক্যাম্প ইনচার্জ জনাব মোঃ ইয়াসিন আলী (০১৭২৩-৫৯৮৮৭৬), সহকারী ক্যাম্প ইনচার্জ জনাব মোঃ তরিকুল ইসলাম (০১৭৩৪-২৫২২৮৪) কে অবগত করতে হবে এবং নিরাপত্তা কর্মকর্তা/ক্যাম্প ইনচার্জ উপপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষকে জরুরি ভিত্তিতে অবগত করবেন।

খ. অফিস/শাখা প্রধানগণ অফিস ত্যাগের পূর্বে আবশ্যিকভাবে দপ্তরের সকল বৈদ্যুতিক সংযোগ বন্ধ করে নিরাপত্তা নিশ্চিত করত: যথাসময়ে অফিস ত্যাগ করবেন।

গ. কর্মরত নৈশপ্রহরীগণ ভবনের মধ্যে ও ভবনের চারপাশে সার্বক্ষণিক টহলরত থাকবেন।

ঘ. সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তাসহ সকল কর্মকর্তা/কর্মচারীগণ নিজ নিজ অফিসের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন।

ঙ. কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির কারণে কোন দুর্ঘটনা ঘটলে তা ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে।

২৬.১২.২৪

(মোঃ আহসান হাবিব)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
ফোন-৯৫৮৪৮২১
E-mail: director_land@nha.gov.bd

নং-২৫.৩৮.০০০০.৩০২.৯৯.০৩১.১৯-৯৭২

তারিখ-২৬/১২/২০২৪ খ্রিঃ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সদস্য (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৩। পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা
৪। উপপ্রধান স্থপতি, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মচারীগণকে অবগত করনের অনুরোধসহ)।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মচারীগণকে অবগত করনের অনুরোধসহ)।
৮। উপপরিচালক (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর নিয়ন্ত্রণাধীন আনসার/এলিট ফোর্স, কর্তৃপক্ষের নিজস্ব গার্ড এবং সকল কর্মচারীগণকে অবগত করনের অনুরোধসহ)।
৯। আইন কর্মকর্তা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
১০। প্রোগ্রামার, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। প্রশাসনিক কর্মকর্তা (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মচারীগণকে অবগত করনের অনুরোধসহ)।
১৩। নিরাপত্তা কর্মকর্তা/ক্যাম্প ইনচার্জ, আনসার ক্যাম্প, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগনুবাগিচা, ঢাকা।
১৪। অফিস কপি।

Scanned with CamScanner